যুগান্তর

তারিখ ...08-AUG 2007...
পৃঃ ৮ কলাম ৩

# ইউজিসি আবারও ৫২টি প্রাইভেট ভার্সিটিকে শোকজ করবে

যুগান্তর রিপোর্ট

স্থায়ী ক্যাম্পাসে ফিরে যাওয়ার আলটিমেটাম দিয়ে দেশের ৫২টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে এবার শোকজ করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। মঙ্গলবার ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, এর আগে এক দফা নোটিশ দেয়া হয়েছে। কিছু বিশ্ববিদ্যালয় জবাব দিলেও অধিকাংশ বিশ্ববিদ্যালয়ই বিষয়টিতে গুরুত্ব দেয়নি। বিশ্ববিদ্যালয়গুলোর মনে রাখা উচিত তাদের অনুমোদন অস্থায়ী। আইন না মানলে সরকার বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার ক্ষমতা রাখে। এ অবস্থায় তাদের আবারও শোকজ করা হবে।

জানা গেছে, মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে সচিব মোমতাজুল ইসলামের সভাপতিত্বে এক সভায় প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর কার্যক্রমের ওপর আলোচনা হয়। বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী কোন বিশ্ববিদ্যালয় অস্থায়ী অনুমোদন লাভের পর সর্বাধিক পাঁচ বছরের মধ্যে স্থায়ী ক্যাম্পাসে ফিরে যেতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলোকে স্থায়ী অনুমতি দেয়া হবে না।

কোড ২৮